

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২০ এপ্রিল ২০১৭ খ্রিঃ।

এনবিআর চেয়ারম্যানকে রাজস্ব সংক্রান্ত পরামর্শ ই-মেইলে জানানো যাবে। পাশাপাশি আয়কর, ভ্যাট ও কাস্টমস বিভাগের ফিডব্যাক মেইলও চালু থাকবে


‘সুশাসন ও আধুনিক উন্নততর ব্যবস্থাপনা’ কাঠামোর আওতায় পরিচালিত হচ্ছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। রাজস্ব প্রশাসনে গতিশীলতা আনয়নে ‘জিরো টলারেন্স’ নীতি গ্রহণ করা হয়েছে। দেশের সর্বক্ষেত্রে একটি রাজস্ব-বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠায় সকল অংশীজন ও করদাতাদের সাথে সম্পর্ক আরো সুদৃঢ় করতে কাজ করছে এনবিআর।

রাজস্ব সংক্রান্ত যেকোন পরামর্শ জানাতে এবার এনবিআর চেয়ারম্যানের ই-মেইল (chairman@nbr.gov.bd) উন্মুক্ত করা হয়েছে। পাশাপাশি অংশীজন ও করদাতাদের সাথে সম্পর্ক আরো সুদৃঢ় এবং রাজস্ব সংক্রান্ত পরামর্শ, হয়রানি, অভিযোগ ও সমস্যা জানানোর লক্ষ্যে ইতোমধ্যে আয়কর, কাস্টমস ও ভ্যাট বিভাগের জন্য চালুকৃত তিনটি (feedbackcustoms@nbr.gov.bd, feedbackvat@nbr.gov.bd, feedbacktax@nbr.gov.bd) ফিডব্যাক ই-মেইলও খোলা থাকবে। এসব ই-মেইলে ইতোমধ্যে করদাতা ও অংশীজনরা ব্যাপক সাড়া দিয়েছেন।

এ বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিবুর রহমান বলেন, ‘উন্নয়নের মূল ভিত্তি অভ্যন্তরীণ সম্পদ। মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস (এমডিজি) থেকে দেশ এখন সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস (এসডিজি) এর দিকে ধাবিত হচ্ছে। সরকারের রূপকল্প-২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়তে প্রচুর অভ্যন্তরীণ সম্পদ তথা রাজস্ব প্রয়োজন। এনবিআর উন্নয়নের অক্সিজেন রাজস্ব আহরণে সকলের সহযোগিতা নিয়ে কাজ করে যাচ্ছে। তাই এখন থেকে রাজস্ব সংক্রান্ত যেকোন পরামর্শ সরাসরি আমাদের জানানোর সুযোগ সবার জন্য অব্যাহত করা হলো।’

তিনি আরো বলেন, ‘মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ব্যবসায়ীদের ওপর করের বোঝা না বাড়িয়ে করনেট সম্প্রসারণে কাজ করছে এনবিআর। আমরা করনেট সম্প্রসারণ ও রাজস্ব আহরণে উপযুক্ত পরিবেশ নিশ্চিত করার সর্বাত্মক চেষ্টা করছি। রাজস্ব-বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠায় সম্মানিত করদাতা ও অংশীজনরা রাজস্ব সংক্রান্ত যেকোন পরামর্শ আমাদেরকে ই-মেইলে জানাতে পারবেন।’

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সেয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।